# বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ বড় শির্কের প্রকারভেদ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৪. আশা বা বাসনার শির্ক:

আশা বা বাসনার শির্ক বলতে মানুষের অসাধ্য এমন কোন বস্তত একমাত্র আল্লাহ্ তা’আলা ব্যতীত অন্য কারোর নিকট কামনা করাকে বুঝানো হয়। যেমন: কবরে শায়িত পীর-বুযুর্গের নিকট স্বামী বা সন্তান কামনা করা।

এ জাতীয় বাসনা গুরুত্বপূর্ণ একটি ইবাদাত যা আল্লাহ্ তা’আলা ছাড়া অন্য কারোর জন্য ব্যয় করা জঘন্যতম শির্ক।

তবে কোন পুণ্যকর্ম সম্পাদন না করে আল্লাহ্ তা’আলার রহমত ও জান্নাতের আশা করাও কিন্তু অমূলক।

আল্লাহ্ তা’আলা বলেন:

«إِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَاجَرُوْا وَجَاهَدُوْا فِيْ سَبِيْلِ اللهِ، أُوْلَآئِكَ يَرْجُوْنَ رَحْمَةَ اللهِ، وَاللهُ غَفُوْرٌ رَّحِيْمٌ»

“নিশ্চয়ই যারা আল্লাহ্ তা’আলার উপর ঈমান এনেছে এবং যারা হিজরত ও আল্লাহ্’র পথে জিহাদ করেছে সত্যিকারার্থে তারাই একমাত্র আল্লাহ্ তা’আলার অনুগ্রহের প্রত্যাশী। তিনি ক্ষমাশীল ও করুণাময়’’। (বাক্বারাহ্ : ২১৮)

’আলী (রা.) বলেন:

لاَ يَرْجُوْ عَبْدٌ إِلاَّ رَبَّهُ

“বান্দাহ্’র নিশ্চিত কর্তব্য হলো এইযে, সে একমাত্র আল্লাহ্ তা’আলার নিকটই কোন কিছু কামনা করবে। অন্য কারোর নিকট নয়’’।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন